

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০১০.১৬(অংশ-১)-৬৯

তারিখ : ২৭ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ।
১০ জানুয়ারি, ২০১৭ খ্রিঃ।

বিষয় : কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলার ১২ নং ভানী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ নুরুজ্জামান ভূইয়াকে চেয়ারম্যান পদে অযোগ্য ঘোষণা বিষয়ে আইনগত মতমত প্রদান।

সূত্র : জেলা প্রশাসক, কুমিল্লা কার্যালয়ের স্মারক নং-১১৯৯, তারিখ : ১২/১২/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলার ১২ নং ভানী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ নুরুজ্জামান ভূইয়া রিটার্নিং অফিসারের নিকট ২২/০২/২০১৬ তারিখে চেয়ারম্যান পদে মনোনয়ন পত্র দাখিল করেন। ২৩/০২/২০১৬ তারিখে মনোনয়নপত্রটি যাচাই বাছাইকালে রিটার্নিং অফিসার কর্তৃক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন আইন, ২০০৯ এর ২৬(২)(ছ) ধারা মোতাবেক জনাব মোঃ নুরুজ্জামান ভূইয়াকে অযোগ্য ঘোষণা করে মনোনয়নপত্রটি বাতিল ঘোষণা করেন (সংযুক্তি-০১)। রিটার্নিং অফিসারের বাতিল আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে ২৫/০২/২০১৬ তারিখে জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা ও আপীল কর্তৃপক্ষের নিকট ০১/২০১৬ নং আপীল আবেদন করেন।

০২। আপীল কর্তৃপক্ষ ২৮/০২/২০১৬ তারিখ অধিকতর শুনানী গ্রহণ করে আপীল কর্তৃপক্ষ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা ২০১০ এর ১৫ বিধি অনুসারে দেবিদ্বার উপজেলার ১২নং ভানী ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী মোঃ নুরুজ্জামান ভূইয়া এর দাখিলকৃত আপীল আবেদন নামঞ্জুর করে রিটার্নিং অফিসার কর্তৃক প্রদত্ত আদেশ বহাল রাখেন (সংযুক্তি-০২)। জনাব মোঃ নুরুজ্জামান ভূইয়া আপীল কর্তৃপক্ষের আদেশে সংক্ষুব্ধ হয়ে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-২৫৫৩/২০১৬, তারিখঃ ০২/০৩/২০১৬ দায়ের করেন (সংযুক্তি-০৩)।

০৩। মহামান্য হাইকোর্টের উল্লিখিত আদেশ মোতাবেক জনাব মোঃ নুরুজ্জামান ভূইয়াকে প্রতিদ্বন্দ্বী প্রার্থী হিসাবে ঘোষণা করে প্রতীক বরাদ্দ করা হয়। ২২/০৩/২০১৬ তারিখ অনুষ্ঠিত নির্বাচনে তিনি বিজয়ী হন এবং গত ২০/০৭/২০১৬ তারিখ বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। তিনি গত ২৪/০৭/২০১৬ তারিখ শপথ গ্রহণ করেন। পরবর্তীতে রীট পিটিশনটি বাদী কর্তৃক তুলে নেওয়া হয় এবং গত ২২/০৭/২০১৬ তারিখে রীট নং-২৫৫৩/২০১৬ এর শুনানী অনুষ্ঠিত হয় (সংযুক্তি-০৪)।

০৪। বর্ণিত প্রেক্ষিতে, যেহেতু, জনাব মোঃ নুরুজ্জামান ভূইয়া কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নং-২৫৫৩/২০১৬ এর the Rule & Direction is Discharge for non prosecution সেহেতু, রীট পিটিশন নং-২৫৫৩/২০১৬ এর মহামান্য হাইকোর্ট কর্তৃক ০২/০৩/২০১৬ তারিখ প্রদত্ত Rule & Direction is Discharge. ফলে জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা ও আপীল কর্তৃপক্ষ কর্তৃক ২৮/০২/২০১৬ তারিখে প্রদত্ত আদেশ এবং ২৩/০২/২০১৬ তারিখে রিটার্নিং অফিসার কর্তৃক প্রদত্ত আদেশ বহাল আছে মর্মে প্রতীয়মান হওয়ায় উপজেলা নির্বাচন অফিসার কর্তৃক জনাব মোঃ নুরুজ্জামান ভূইয়া স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ২৬(২)(ছ) বিধি অনুসারে চেয়ারম্যান হইবার অযোগ্য মর্মে প্রতিবেদন দাখিল করেছেন (সংযুক্তি-০৫)।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্যঃ

০৫। এমতাবস্থায়, জনাব মোঃ নূরুজ্জামান ভূইয়া কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নং-২৫৫৩/২০১৬ এর the Rule & Direction is Discharge for non prosecution হওয়ায় এবং রীট পিটিশন নং-২৫৫৩/২০১৬ এ মহামান্য হাইকোর্ট কর্তৃক ০২/০৩/২০১৬ তারিখ প্রদত্ত Rule & Direction is Discharge হওয়ায় জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা ও আপীল কর্তৃপক্ষ কর্তৃক ২৮/০২/২০১৬ তারিখে প্রদত্ত আদেশ এবং ২৩/০২/২০১৬ তারিখে রিটার্নিং অফিসার কর্তৃক প্রদত্ত আদেশ বহাল আছে কিনা। অর্থাৎ উপজেলা নির্বাচন অফিসারের ৩১/১০/২০১৬ তারিখের প্রতিবেদন অনুযায়ী (সংযুক্তি-০৬) জনাব মোঃ নূরুজ্জামান ভূইয়া স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২৬(২)(ছ) এর বিধান মোতাবেক চেয়ারম্যান হইবার অযোগ্য কিনা সে বিষয়ে প্যানেল আইনজীবির আইনগত মতামত গ্রহণপূর্বক প্যানেল আইনজীবির মতামত ইউনিয়ন পরিষদ-১ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ----- পাতা।

(সৈয়দ মোঃ নূরুল বাসির)

উপসচিব

☎ ৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

উপসচিব (আইন-১ অধিশাখা)

স্থানীয় সরকার বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

০১। জেলা প্রশাসক, কুমিল্লা।

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।